



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@gmail.com

০৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

তারিখঃ ২৩ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৮-২০১৯

বিজ্ঞপ্তি

এইচ.এস.সি./সমমান পর্যায়ে মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে বিষয় ও কলেজ মনোনয়ন পেয়েছে তাদের (১১০০০ মেধাক্রম পরবর্তী) বিষয় পরিবর্তন প্রক্রিয়া ০৬-০২-২০১৯ তারিখ ৯.০০টা থেকে শুরু হয়ে ০৭-০২-২০১৯ তারিখ ৫.০০টা পর্যন্ত চলবে। শিক্ষার্থীদের উক্ত সময়ের মধ্যে বিষয় পরিবর্তনের জন্য অনলাইনে আবেদন করতে হবে। বিষয় পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন করার নিয়মাবলি নিম্নরূপ:

১. আগামী ১১-০২-২০১৯ তারিখ থেকে সংশ্লিষ্ট কলেজসমূহে বিষয় পরিবর্তন কার্যক্রম শুরু হবে।
২. বিষয় পরিবর্তন প্রক্রিয়ায় অংশ নিয়ে যেসকল শিক্ষার্থী পরিবর্তিত বিষয় পেয়েছে তাদেরকে নতুন প্রাপ্ত বিষয়েই অধ্যয়ন করতে হবে। কোনোক্রমেই পূর্ববর্তী বিষয়ে ফেরত যাওয়া যাবে না।
৩. শিক্ষার্থী বর্তমানে যে বিষয়ে অধ্যয়ন করছে সেই বিভাগ থেকে সরবরাহকৃত জনতা ব্যাংকে টাকার জমা দেওয়ার স্লিপ সংগ্রহ করবে।
৪. জনতা ব্যাংকে টাকা জমা স্লিপের এপিঠ-ওপিঠ দুই পিঠের নির্ধারিত স্থানসমূহ পূরণ করে জনতা ব্যাংকের অনলাইন সুবিধা সম্পন্ন নির্ধারিত শাখায় ৫০০/- (পাঁচশত টাকা) বিষয় পরিবর্তন ফি জমা দিতে হবে।
৫. ব্যাংকের টাকা জমা দেওয়ার পর ব্যাংক কর্তৃপক্ষের সিলমোহর সংবলিত জমা রশিদের অংশবিশেষের উভয় পিঠ ফটোকপি করে ফটোকপিটি নিজের কাছে সংরক্ষণ করবে এবং মূল অংশটি শিক্ষার্থী বর্তমানে যে বিভাগে অধ্যয়ন করছে সেই বিভাগের কার্যালয়ে জমা দিবে।
৬. শিক্ষার্থীর কাছে থাকা ফটোকপি অংশটি বর্তমান বরাদ্দকৃত বিভাগের অফিস কর্তৃক সত্যায়িত করিয়ে নিতে হবে।
৭. সত্যায়িত কপিটি প্রদর্শন সাপেক্ষে শিক্ষার্থী নতুন প্রাপ্ত বিভাগে অধ্যয়ন করতে পারবে।
৮. বিষয় পরিবর্তনের পুরো প্রক্রিয়াটি আগামী ১২-০২-২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৯. ১৩-০২-২০১৯ তারিখের পর ন্যূনতম সময়ের মধ্যে প্রত্যেক কলেজের সংশ্লিষ্ট বিভাগসমূহ বিষয় পরিবর্তন প্রক্রিয়া সম্পন্নকৃত শিক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের কার্যালয়ে প্রেরণ করতে হবে।
১০. একইসঙ্গে কলেজ কর্তৃপক্ষ বিষয় পরিবর্তন প্রক্রিয়ার পূর্ণ বিবরণ ডিন কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় সমীপে প্রেরণ করবে।
১১. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট সকল তথ্যের জন্য নিজ নিজ কলেজে যোগাযোগ করতে হবে। এই সম্পর্কিত কোনো তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ডিন অফিসে পাওয়া যাবে না।
১২. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট